* মোট ১০০ নম্বরের ভর্তি-পরীক্ষায় বাংলা, ইংরেজি ও সাধারণ জ্ঞান- এই তিনটি বিষয়ে ১০০টি প্রশ্ন থাকবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০২৫ সালের জন্য নির্ধারিত পাঠ্যসূচি অনুযায়ী ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করা হবে। উল্লিখিত তিন বিষয়ের নম্বর বন্টন হবে নিম্নরূপঃ

বাংলা-২৫; ইংরেজি-২৫; সাধারণ জ্ঞান-৫০;
বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে গঠিত সমাজবিজ্ঞান, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, ইতিহাস, ইসলামের ইতিহাস, যুক্তিবিদ্যা এবং ভূগোল বিষয়ক সাধারণ জ্ঞানের প্রশ্ন থাকবে।
* উত্তরপত্রের উপরিভাগে শিক্ষার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম যেভাবে ইংরেজিতে ভর্তি-পরীক্ষার প্রবেশপত্রে আছে ঠিক সেভাবে লিখতে হবে।

* পরীক্ষার উত্তরপত্র (OMR শিট) বিশ্ববিদ্যালয় সরবরাহ করবে। অতিরিক্ত কোনো শিট দেওয়া হবে না। সরবরাহকৃত উত্তরপত্রে (OMR শিট-এ) বৃত্ত পূরণ করে প্রশ্নের উত্তর চিহ্নিত করতে হবে।

* শিক্ষার্থী কোনো অবস্থাতেই মোবাইল ফোন, ক্যালকুলেটর, বই ও কাগজপত্র (প্রবেশপত্র ছাড়া), ইলেকট্রোনিক ডিভাইস সম্বলিত ঘড়ি ও কলম, ভিসা/মাস্টার কার্ড/এটিএম কার্ড ইত্যাদি নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

* ভর্তি-পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে পাস নম্বর ৪০। যারা ৪০-এর কম পাবে তাদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না। ইংরেজি অথবা বাংলা বিষয়ে ভর্তিচ্ছুদের ভর্তি-পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১০ নম্বর পেতে হবে। কেবল ‘গ’ ও ‘ঘ’ গুচ্ছভুক্ত বিষয়সমূহে ভর্তি হতে আগ্রহী শিক্ষার্থীদের উচ্চ মাধ্যমিক অথবা সমমান পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৪০% নম্বর থাকতে হবে। উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে গণিত বিষয় থাকলে পরিসংখ্যান এবং গণিত বিষয়ে ভর্তি হওয়া যাবে। অর্থনীতি বিভাগ ও ব্যবসায় শিক্ষা ইউনিটের সকল বিভাগের ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক পর্যায়ে গণিত/অর্থনীতি থাকতে হবে।

* ইসলামিক স্টাডিজ বিষয়ে যারা ভর্তি হতে ইচ্ছুক, তাদের দাখিল/আলিম/উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইসলাম শিক্ষা/ আরবি থাকতে হবে।

* আরবি বিষয়ে যারা ভর্তি হতে ইচ্ছুক তাদের দাখিল পরীক্ষায় আরবি বিষয়ে ন্যূনতম ‘বি’ গ্রেড থাকতে হবে।

* ভর্তি-পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্বে বিস্তারিত আসন বিন্যাস ভর্তির ওয়েবসাইটে (https://dcuadmission.org) দেখা যাবে। এছাড়া পরীক্ষার্থীরা এসএমএস-এর মাধ্যমে নিজ নিজ আসনবিন্যাস জানতে পারবে।

* পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার হল-এ উপস্থিত হয়ে নির্দিষ্ট আসন গ্রহণ করতে হবে।

## মেধাস্কোর ও মেধাক্রম

৭। ক) শিক্ষার্থীদের মাধ্যমিক/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২ দিয়ে এবং উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল ১০০ নম্বরের MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ১২০ নম্বরের উপর পরীক্ষার্থীদের মেধাস্কোর তৈরি করা হবে। ২০২৪ সালের HSC/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ক্ষেত্রে অর্জিত স্কোর হতে ২ (দুই) বিয়োগ করে মেধাস্কোর নির্ণয় করা হবে।

খ) দুই বা ততোধিক পরীক্ষার্থীর মেধাস্কোর একই হলে ভর্তি-পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নিধারিত হবে। এ ক্ষেত্রে স্কোর সমান পাওয়া গেলে ভর্তি-পরীক্ষায় বাংলা এবং ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বরের গড়ের ভিত্তিতে মেধাক্রম নির্ধারিত হবে। এরপরও স্কোর সমান হলে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত মানদন্ডের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবেঃ

(ক) উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয় ব্যতীত;
(খ) উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয়সহ;
(গ) মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয় ব্যতীত;
(ঘ) মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয়সহ; এবং

পর্যায়ক্রমে উল্লিখিত মানদন্ডসমূহ প্রয়োগ করে যদি ভর্তিচ্ছুদের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা না যায় তাহলে কর্তৃপক্ষ যথোপযুক্ত অন্য কোনো মানদন্ড প্রয়োগ করে ক্রম নির্ধারণ করবেন। প্রতিটি ক্ষেত্রেই এই অতিরিক্ত মানদন্ড সমভাবে প্রয়োগ করা হবে।

গ) যারা ভর্তি-পরীক্ষায় অনুপস্থিত থাকবে অথবা ৪০-এর কম নম্বর পাবে তাদের মেধাস্কোর হিসাব করা হবে না।

## কলা ও সমাজবিজ্ঞান ইউনিটভুক্ত বিভাগসমূহ

৮। কলা ও সামাজবিজ্ঞান ইউনিটের মাধ্যমে মানবিক শাখার ছাত্র-ছাত্রীরা নিম্নবর্ণিত বিভাগগুলোতে ভর্তির জন্য আবেদন করতে পারবে এবং যোগ্যতা থাকা বা শর্ত পূরণ সাপেক্ষে নির্দিষ্ট সংখ্যক আসনে ভর্তি হতে পারবে।

**ক-গুচ্ছ: কলা ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহ**

১. বাংলা ২. ইংরেজি ৩.আরবি ৪. ইতিহাস
৫.দর্শন ৬.ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৭. ইসলামিক স্টাডিজ

**খ-গুচ্ছ: সামাজবিজ্ঞান ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহ**

১. অর্থনীতি ২. রাষ্ট্রবিজ্ঞান ৩. সমাজবিজ্ঞান ৪. সমাজকর্ম

**গ-গুচ্ছ: বিজ্ঞান ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহ**

১. ভূগোল ও পরিবেশ ২. মনোবিজ্ঞান ৩. পরিসংখ্যান ৪.গণিত ৫. গার্হস্থ্য অর্থনীতি

**ঘ-গুচ্ছ: বিজনেস স্টাডিজ ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহ**

১. ব্যবস্থাপনা ২. হিসাববিজ্ঞান ৩. মার্কেটিং ৪. ফিন্যান্স এন্ড ব্যাংকিং

## ভর্তি-প্রক্রিয়া

৯। ভর্তি-পরীক্ষায় পাসকৃত শিক্ষার্থীরা মেধাক্রম অনুসারে সংযুক্ত ৭(সাত) কলেজে ভর্তি হতে পারবে। ভর্তি-পরীক্ষায় উত্তীর্ণগণ নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে প্রদত্ত চয়েজ ফরম (Choice-form)-এ তাদের মনোনীত বিষয় ও কলেজের নাম পছন্দক্রম অনুযায়ী পূরণ করবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কলেজে যোগাযোগ করে ভর্তি-প্রক্রিয়া সম্পন্ন করবে। ভর্তির সময় মাধ্যমিক/ সমমান ও উচ্চ মাধ্যমিক/ সমমান-এর মূল নম্বরপত্র জমা রাখা হবে।

১০। কোনো শিক্ষার্থী অন্যের ছবি/ নম্বরপত্র ব্যবহার করলে অথবা অন্য কোনো প্রকার অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের বিষয়ে রিপোর্ট থাকলে ভর্তি পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

১২। ভর্তি-প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে এমনকি ভর্তি-প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে তার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি/ভর্তির মনোনয়ন বাতিল করা যাবে।

১৩। ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিতদের ভর্তি ফরমের সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে, সেই প্রতিষ্ঠান-প্রধানের প্রশংসাপত্র জমা দিতে হবে। তাছাড়া অভিভাবকের বাৎসরিক আয়ের সনদও জমা দিতে হবে।

১৪। **কোটায় ভর্তিচ্ছুদের জ্ঞাতব্য ও করণীয়ঃ**

ভর্তি-পরীক্ষায় কৃতকার্য হলে, বিভাগ পছন্দ ক্রম ফর্ম পূরণের সময় শিক্ষার্থী অনলাইনে যে কোটার ঘর পূরণ করেছে তাকে সে কোটার যোগ্যতার প্রমাণপত্র, ভর্তি-পরীক্ষার প্রবেশপত্র এবং পূরণকৃত চয়েজ ফরম-এর প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজের ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। সকল কোটায় ভর্তির ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর ৪০ ।

মুক্তিযোদ্ধার সন্তান, উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজাঅর্ডারড), হরিজন ও দলিত সম্প্রদায় কোটাভুক্ত শিক্ষার্থীদের আসন বরাদ্দের ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়ম অনুসরণ করা হবেঃ

i) মুক্তিযোদ্ধার সন্তান ৫% আসন
ii) উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের জন্য ১% আসন
iii) হরিজন ও দলিত সম্প্রদায় শিক্ষার্থীদের জন্য ১% আসন
iv) প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ১% আসন

উপর্যুক্ত কোটার আসন সংখ্যা নির্ধারিত মোট আসন সংখ্যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে।

* হিজড়া (তৃতীয় লিঙ্গ) সম্প্রদায় ভর্তির ক্ষেত্রে বিশেষ বিবেচনা প্রাপ্য হবেন। কেবলমাত্র জন্মগতভাবে লিঙ্গ বৈচিত্রের অধিকারী শিক্ষার্থীরা হিজড়া কোটায় ভর্তির আবেদন করতে পারবে। হিজড়া কোটা শনাক্তকরণে সরকারের সমাজসেবা অধিদপ্তর প্রদত্ত হিজড়া (গেজেট নং সকম/কর্ম-১শা/হিজড়া-১৫-২০১৩-৪০) পরিচয়পত্র অবশ্যই দাখিল করতে হবে।

মুক্তিযোদ্ধার সন্তান এবং উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজাঅর্ডারড), খেলোয়াড় (শুধু বিকেএসপি থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী), সংযুক্ত ৭(সাত) কলেজের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পোষ্য (Ward) কোটায় (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী) ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের স্ব স্ব কোটার স্বপক্ষে প্রমাণক ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্রসহ ভর্তি কমিটির নিকট যোগাযোগ করতে হবে।

* পোষ্য (Ward) ও খেলোয়াড় কোটায় ভর্তিকৃত আসন সংখ্যা নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত হিসেবে গণ্য হবে।

কোটার ক্ষেত্রে নিম্নবর্ণিত সনদপত্রসহ আবেদন করতে হবে। (সাক্ষাৎকারের সময় মূল সনদ প্রদর্শন করতে হবে)

* মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) থেকে প্রকাশিত মুক্তিযোদ্ধার প্রমাণস্বরূপ (বর্ণিত প্রমাণক/গেজেট) তালিকার প্রিন্ট কপি জমা দিতে হবে।
* উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রধান/জেলা প্রশাসকের সনদপত্রের সত্যায়িত কপি।
* হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধান ও জেলা প্রশাসকের সনদপত্রের সত্যায়িত কপি।
* প্রতিবন্ধী কোটায় (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) ভর্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রমাণক জমা দিতে হবেঃ

    ১. জেলা সমাজসেবা কর্তৃক ইস্যুকৃত কার্ডের সত্যায়িত কপি
    ২. জেলা সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ
    ৩. জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি

* খেলোয়াড় কোটার ক্ষেত্রে বিকেএসপি কর্তৃক প্রদত্ত নম্বরপত্র, প্রত্যয়নপত্র/সনদ/প্রমাণপত্র জমা দিতে হবে।
* পোষ্য (Ward) কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। ওয়ার্ড কোটায় এক কলেজে এক বিষয়ে ২ জনের বেশি ভর্তি হতে পারবে না।

**অনলাইনে বিভাগ পছন্দ ক্রম ফর্ম পূরণের সময় কোটার নির্দিষ্ট ঘরে ক্লিক না করলে পরবর্তীকালে কোনো অবস্থাতেই কোটার জন্য বিবেচিত হবে না।**

১৫। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেওয়ার সর্বশেষ তারিখ ৩০ জুলাই ২০২৬, ভর্তির শেষ তারিখ ২৭ আগস্ট ২০২৬ এবং ক্লাস শুরুর তারিখ ৬ সেপ্টেম্বর ২০২৬ । উত্তীর্ণদের মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেওয়ার পর নিশ্চায়ন ফি সোনালী বিল পেমেন্ট সিস্টেম এর মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইনে জমা দিতে হবে।

১৬। **ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

**বিশেষ দ্রষ্টব্যঃ**

ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিতদের ভর্তি ফি ব্যাংকে জমা দেওয়ার পর ভর্তি ফরম পূরণ করে পে-স্লিপসহ নিম্নবর্ণিত কাগজপত্র সংশ্লিষ্ট কলেজ অফিসে জমা দিতে হবেঃ

(১) মূল নম্বরপত্র ও নম্বরপত্রের সত্যায়িত কপি
(২) প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র
(৩) এইচ এস সি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি
(৪) এস এস সি রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং ৫ কপি পাসপোর্ট সাইজ ছবি

* অনলাইনে বিভাগ পছন্দ ক্রম ফর্ম পূরণের সময় কোটা সংক্রান্ত যাবতীয় তথ্য দিতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোনো নতুন কিছু অন্তর্ভুক্ত করলে তা গ্রহণ করা হবে না।

রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক)
ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি, ঢাকা

# ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ০৪ বছর মেয়াদি ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে

# ভর্তি নির্দেশিকা

### ব্যবসায় শিক্ষা ইউনিট

| | |
|---|---|
| আবেদনের সময়সীমা | ১০ জুন দুপুর ১২:০০ টা হতে ২০ জুন ২০২৬ রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| প্রক্রিয়াধীন আবেদনকারীদের ন্যূনতম যোগ্যতা যাচাই এর সময়সীমা | ২১ জুন ২০২৬ রাত ১২:০০ টা থেকে ২৩ জুন ২০২৬ রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| আবেদন ফি জমা দেয়ার সময়সীমা | ১০ জুন ২০২৬ দুপুর ১২:০০ টা থেকে ২৭ জুন ২০২৬ রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| ভর্তি পরীক্ষার তারিখ | ১৭ জুলাই ২০২৬ বিকাল ৩.০০ টা হতে ৪.০০ টা পর্যন্ত |
| ফলাফল প্রকাশের তারিখ | ২০ জুলাই ২০২৬ |
| বিষয় বরাদ্দের তারিখ | ২২ জুলাই থেকে ০৬ আগস্ট ২০২৬ |
| ভর্তির সময়সীমা | ১৩ আগস্ট থেকে ২৭ আগস্ট ২০২৬ পর্যন্ত |
| ক্লাস শুরুর তারিখ | ০৬ সেপ্টেম্বর ২০২৬ |

ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির সংযুক্ত সরকারি ৭ (সাত) কলেজ যথাক্রমে (১) ঢাকা কলেজ, (২) ইডেন মহিলা কলেজ, (৩) সরকারি তিতুমীর কলেজ, (৪) সরকারি বাঙলা কলেজ, (৫) বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, (৬) সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ এবং (৭) কবি নজরুল সরকারি কলেজ এ ব্যবসায় শিক্ষা ইউনিটের অন্তর্ভুক্ত বিষয়সমূহে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদি ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য আবেদন আহবান করা হচ্ছে।

ইডেন মহিলা কলেজ এবং বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের আসনসমূহ শুধু ছাত্রী এবং ঢাকা কলেজের আসনসমূহ শুধু ছাত্রদের জন্য সংরক্ষিত থাকবে। সরকারি তিতুমীর কলেজ, সরকারি বাঙলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ এবং কবি নজরুল সরকারি কলেজে ছাত্র-ছাত্রী উভয়েই ভর্তি হতে পারবে। কলেজসমূহের ব্যবসায় শিক্ষা ইউনিটভুক্ত বিভাগসমূহে ভর্তি কার্যক্রম সংশ্লিষ্ট কলেজের ভর্তি কমিটির মাধ্যমে সম্পন্ন হবে। ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি শিক্ষার্থীদের অর্জিত ডিগ্রীসমূহের সনদপত্র প্রদান করবে।

## ভর্তির যোগ্যতা ও প্রাথমিক আবেদনপত্র

১। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ব্যবসায় শিক্ষা/‘এ’ লেভেল/বিজনেস ম্যানেজমেন্ট-এ উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

২। ২০২০ থেকে ২০২৩ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২৪ অথবা ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে, শুধু তারাই আবেদন করতে পারবে।

৩। যে সকল শিক্ষার্থী ব্যবসায় শিক্ষায় এবং বিজনেস ম্যানেজমেন্টে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উভয় মিলে ন্যূনতম জিপিএ ৬.৫০ পেয়েছে কেবল তারাই ভর্তির জন্য আবেদন করতে পারবে।

৪। **সমতা নিরূপণঃ**

২০২০ থেকে ২০২৩ সন পর্যন্ত IGCSE/O-level-এ অন্তত ০৫টি বিষয়ে এবং ২০২৪ অথবা ২০২৫ সালের IAL/A-Level- পরীক্ষায় অন্তত ০২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। O-Level ও A-Level পরীক্ষায় মোট ০৭ (সাত) টি বিষয়ের মধ্যে ০৪ (চার)টি বিষয়ে বি-গ্রেড ও ০৩ (তিন)টি বিষয়ে কমপক্ষে সি-গ্রেড থাকতে হবে। যাদের A-Level-এ Business Studies/Accounting/ Economics/Mathematics-এই চারটি বিষয়ের মধ্যে যে কোনো একটি বিষয় ছিল, কেবল তারাই আবেদন করতে পারবে।

O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবেঃ

**A=5.0 B=4.0 C=3.5 D=0.0**

৫। **আবেদন ফি পরিশোধ করার পদ্ধতি:** ভর্তি পরীক্ষার ফি ৮০০.০০ (আটশত) টাকা। ভর্তি পরীক্ষার আবেদন এর ন্যূনতম যোগ্যতা অনলাইনে যাচাই হবার পর আবেদনকারীদের সোনালী বিল পেমেন্ট সিস্টেম এর মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইনে আবেদন ফি জমা দিতে হবে। সোনালী বিল পেমেন্ট সিস্টেম এর সার্ভিস চার্জ আবেদনকারীদের প্রদান করতে হবে। আবেদনপত্র ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফি জমা না দিলে আবেদন প্রক্রিয়া সম্পন্ন হবে না।

## ভর্তি পরীক্ষা

৬। ভর্তি পরীক্ষা ১৭ জুলাই, ২০২৬ তারিখ শুক্রবার বিকাল ০৩:০০টা থেকে ০৪:০০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

* ওয়েবসাইটে Login করে ০৫/০৭/২০২৬ তারিখ থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

* ওয়েবসাইট থেকে ব্যবসায় শিক্ষা ইউনিটের আসন বিন্যাস জানা যাবে ১৪/০৭/২০২৬ তারিখ থেকে ।

৭। ভর্তি পরীক্ষা কেন্দ্রের নাম https://dcuadmission.org এর মাধ্যমে জানানো হবে।

৮। Multiple Choice Question (MCQ) পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের নির্দেশাবলি অংশে বর্ণিত থাকবে। ভর্তি পরীক্ষায় কোনো প্রকার Calculator, মোবাইল ফোন বা কোনো প্রকার ইলেট্রনিক ডিভাইস ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।

৯। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর/গ্রেড-এর ভিত্তিতে মেধাস্কোর নির্ধারিত হবে।

১০। মোট ১২০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে। এজন্য শিক্ষার্থীদের মাধ্যমিক পরীক্ষার (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ ১০ নম্বর এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ ১০ নম্বর রূপান্তর করে এই দুইয়ের যোগফল ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ১২০ নম্বরের উপর মেধা তালিকা তৈরি করা হবে।

১১। **প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫(দশমিক দুই পাঁচ) নম্বর কাটা যাবে।**

১২। ভর্তি পরীক্ষায় মোট ১০০ টি প্রশ্নে ১০০ নম্বর এবং পরীক্ষার জন্য ১ (এক) ঘন্টা সময় নির্ধারিত থাকবে।

১৩। ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক পর্যায়ের সিলেবাসের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে। ভর্তি পরীক্ষার নম্বর বন্টন হবে নিম্নরূপ:

| ক) ব্যবসায় শিক্ষা | নম্বর |
|---|---|
| বাংলা | (আবশ্যিক) (২০×১) ২০ |
| ইংরেজি | (আবশ্যিক) (২০×১) ২০ |
| হিসাববিজ্ঞান | (আবশ্যিক) (২০×১) ২০ |
| ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | (আবশ্যিক) (২০×১) ২০ |
| উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন/ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (যে কোনো ১টি) | (২০×১) ২০ |
| | মোট= ১০০ |

ক) A-Level

| | |
|---|---|
| English (Compulsory) | (25×1) 25 |
| Advanced English (Compulsory) | (25×1) 25 |
| Business Studies * or Accounting * or Mathematics * or Economics * | (25×2) 50 |
| | Total = 100 |

* Business Studies, Accounting, Economics ও Mathematics এই চারটি বিষয়ের মধ্যে যে কোনো দু'টি বিষয়ের উত্তর প্রদান করতে হবে।

## মেধাস্কোর ও মেধাক্রম

১৪। ক) শিক্ষার্থীদের মাধ্যমিক/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২ দিয়ে এবং উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল ১০০ নম্বরের MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ১২০ নম্বরের উপর পরীক্ষার্থীদের মেধাস্কোর তৈরি করা হবে। ২০২৪ সালের HSC/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ক্ষেত্রে অর্জিত স্কোর হতে ২ (দুই) বিয়োগ করে মেধাস্কোর নির্ণয় করা হবে।

খ) দুই বা ততোধিক পরীক্ষার্থীর মেধাস্কোর একই হলে ভর্তি-পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নিধারিত হবে। এ ক্ষেত্রে স্কোর সমান পাওয়া গেলে ভর্তি-পরীক্ষায় বাংলা এবং ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বরের গড়ের ভিত্তিতে মেধাক্রম নির্ধারিত হবে। এরপরও স্কোর সমান হলে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত মানদন্ডের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবেঃ

(ক) উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয় ব্যতীত;
(খ) উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয়সহ;
(গ) মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয় ব্যতীত;
(ঘ) মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয়সহ; এবং

পর্যায়ক্রমে উল্লিখিত মানদন্ডসমূহ প্রয়োগ করে যদি ভর্তিচ্ছুদের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা না যায় তাহলে কর্তৃপক্ষ যথোপযুক্ত অন্য কোনো মানদন্ড প্রয়োগ করে ক্রম নির্ধারণ করবেন। প্রতিটি ক্ষেত্রেই এই অতিরিক্ত মানদন্ড সমভাবে প্রয়োগ করা হবে।

গ) যারা ভর্তি-পরীক্ষায় অনুপস্থিত থাকবে অথবা ৪০-এর কম নম্বর পাবে তাদের মেধাস্কোর হিসাব করা হবে না।

## ব্যবসায় শিক্ষা ইউনিটভুক্ত বিভাগসমূহ

১৫। ব্যবসায় শিক্ষা ইউনিটের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা নিম্নবর্ণিত বিভাগগুলোতে ভর্তির জন্য আবেদন করতে এবং যোগ্যতা থাকা সাপেক্ষে নির্দিষ্ট সংখ্যক আসনে ভর্তি হতে পারবে।

ক) ব্যবসায় শিক্ষা ইউনিটভুক্ত বিভাগ:

১. ব্যবস্থাপনা   ২. হিসাববিজ্ঞান   ৩. মার্কেটিং   ৪. ফিন্যান্স এন্ড ব্যাংকিং

খ) কলা ও সামাজবিজ্ঞান ইউনিটভুক্ত বিভাগ:

১. বাংলা   ২. ইংরেজি   ৩. ইতিহাস   ৪. দর্শন   ৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

৬. ইসলামিক স্টাডিজ   ৭. অর্থনীতি   ৮. রাষ্ট্রবিজ্ঞান   ৯. সমাজবিজ্ঞান   ১০. সমাজকর্ম   ১১. আরবি

গ) বিজ্ঞান ইউনিটভুক্ত বিভাগ:

১. ভূগোল ও পরিবেশ   ২. মনোবিজ্ঞান   ৩. পরিসংখ্যান   ৪. গার্হস্থ্য অর্থনীতি

১৬। **১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য বিশ্ববিদ্যালয়ের সংযুক্ত কলেজসমূহে বিভাগওয়ারী আসন সংখ্যা নিম্নবর্ণিত ছক এ উল্লেখ করা হলোঃ**

## ১. ঢাকা কলেজ (১৮৪১)

মিরপুর রোড, নিউমার্কেট, ধানমন্ডি, ঢাকা-১২০৫

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| হিসাববিজ্ঞান | ৮১ | ৭ | ৮৮ |
| ব্যবস্থাপনা | ৮১ | ৭ | ৮৮ |
| বাংলা | ৫ | ০ | ৫ |
| ইংরেজি | ৫ | ০ | ৫ |
| ইতিহাস | ৫ | ০ | ৫ |
| দর্শন | ৫ | ০ | ৫ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৫ | ০ | ৫ |
| ইসলামিক স্টাডিজ | ৫ | ০ | ৫ |
| অর্থনীতি | ৫ | ০ | ৫ |
| রাষ্ট্রবিজ্ঞান | ৫ | ০ | ৫ |
| সমাজবিজ্ঞান | ৫ | ০ | ৫ |
| ভূগোল ও পরিবেশ | ৪ | ০ | ৪ |
| মনোবিজ্ঞান | ৪ | ০ | ৪ |
| পরিসংখ্যান | ৫ | ০ | ৫ |

মোট আসন -- ২৩৪

## ২. ইডেন মহিলা কলেজ (১৮৭৩)

আজিমপুর, লালবাগ, ঢাকা-১২০৫

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| ব্যবস্থাপনা | ৮১ | ৭ | ৮৮ |
| হিসাববিজ্ঞান | ৮১ | ৭ | ৮৮ |
| মার্কেটিং | ৮১ | ৭ | ৮৮ |
| ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ৮১ | ৭ | ৮৮ |
| বাংলা | ৫ | ০ | ৫ |
| ইংরেজি | ৫ | ০ | ৫ |
| ইতিহাস | ৫ | ০ | ৫ |
| দর্শন | ৫ | ০ | ৫ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৫ | ০ | ৫ |
| ইসলামিক স্টাডিজ | ৫ | ০ | ৫ |
| অর্থনীতি | ৫ | ০ | ৫ |
| রাষ্ট্রবিজ্ঞান | ৫ | ০ | ৫ |
| সমাজবিজ্ঞান | ৫ | ০ | ৫ |
| সমাজকর্ম | ৫ | ০ | ৫ |
| ভূগোল ও পরিবেশ | ৪ | ০ | ৪ |
| মনোবিজ্ঞান | ৪ | ০ | ৪ |
| পরিসংখ্যান | ৫ | ০ | ৫ |
| গার্হস্থ্য অর্থনীতি | ৪ | ০ | ৪ |

মোট আসন -- ৪১৯





## ৩. সরকারি তিতুমীর কলেজ (১৯৬৮)

বীর উত্তম এ.কে.খন্দকার রোড়,মহাখালী,ঢাকা ১২১৩

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| ব্যবস্থাপনা | ৮১ | ৭ | ৮৮ |
| হিসাববিজ্ঞান | ৮১ | ৭ | ৮৮ |
| মার্কেটিং | ৮১ | ৭ | ৮৮ |
| ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ৮১ | ৭ | ৮৮ |
| বাংলা | ৫ | ০ | ৫ |
| ইংরেজি | ৫ | ০ | ৫ |
| ইতিহাস | ৫ | ০ | ৫ |
| দর্শন | ৫ | ০ | ৫ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৫ | ০ | ৫ |
| ইসলামিক স্টাডিজ | ৫ | ০ | ৫ |
| অর্থনীতি | ৫ | ০ | ৫ |
| রাষ্ট্রবিজ্ঞান | ৫ | ০ | ৫ |
| সমাজবিজ্ঞান | ৫ | ০ | ৫ |
| সমাজকর্ম | ৫ | ০ | ৫ |
| ভূগোল ও পরিবেশ | ৪ | ০ | ৪ |
| মনোবিজ্ঞান | ৪ | ০ | ৪ |
| পরিসংখ্যান | ৫ | ০ | ৫ |

মোট আসন -- ৪১৫

## ৪. সরকারি বাঙলা কলেজ (১৯৬২)

মিরপুর-১, ঢাকা ১২১৬

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| ব্যবস্থাপনা | ৮১ | ৭ | ৮৮ |
| হিসাববিজ্ঞান | ৮১ | ৭ | ৮৮ |
| মার্কেটিং | ৫২ | ৪ | ৫৬ |
| ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ৫২ | ৪ | ৫৬ |
| বাংলা | ৫ | ০ | ৫ |
| ইংরেজি | ৫ | ০ | ৫ |
| দর্শন | ৫ | ০ | ৫ |
| ইতিহাস | ৫ | ০ | ৫ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৫ | ০ | ৫ |
| ইসলামিক স্টাডিজ | ৫ | ০ | ৫ |
| অর্থনীতি | ৫ | ০ | ৫ |
| রাষ্ট্রবিজ্ঞান | ৫ | ০ | ৫ |
| সমাজকর্ম | ৫ | ০ | ৫ |
| ভূগোল ও পরিবেশ | ৪ | ০ | ৪ |

মোট আসন -- ৩৩৭

## ৫. বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ (১৯৪৮)

বক্‌শী বাজার, ঢাকা-১২১১

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| ব্যবস্থাপনা | ৫২ | ৪ | ৫৬ |
| হিসাববিজ্ঞান | ৫২ | ৪ | ৫৬ |
| বাংলা | ৩ | ০ | ৩ |
| ইংরেজি | ৩ | ০ | ৩ |
| ইতিহাস | ৩ | ০ | ৩ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৩ | ০ | ৩ |
| দর্শন | ৩ | ০ | ৩ |
| ইসলামিক স্টাডিজ | ৩ | ০ | ৩ |
| অর্থনীতি | ৩ | ০ | ৩ |
| রাষ্ট্রবিজ্ঞান | ৩ | ০ | ৩ |
| সমাজবিজ্ঞান | ৩ | ০ | ৩ |
| সমাজকর্ম | ৩ | ০ | ৩ |
| ভূগোল ও পরিবেশ | ৩ | ০ | ৩ |
| মনোবিজ্ঞান | ৩ | ০ | ৩ |
| গার্হস্থ্য অর্থনীতি | ৩ | ০ | ৩ |

মোট আসন -- ১৫১

## ৬. সরকারি শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজ (১৯৪৯)

লক্ষ্মীবাজার, ঢাকা-১১০০

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| ব্যবস্থাপনা | ৫৯ | ৫ | ৬৪ |
| হিসাববিজ্ঞান | ৫৯ | ৫ | ৬৪ |
| বাংলা | ৩ | ০ | ৩ |
| ইংরেজি | ৩ | ০ | ৩ |
| দর্শন | ৩ | ০ | ৩ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৩ | ০ | ৩ |
| ইসলামিক স্টাডিজ | ৩ | ০ | ৩ |
| অর্থনীতি | ৩ | ০ | ৩ |
| রাষ্ট্রবিজ্ঞান | ৩ | ০ | ৩ |
| সমাজকর্ম | ৩ | ০ | ৩ |
| ভূগোল ও পরিবেশ | ৩ | ০ | ৩ |

মোট আসন -- ১৫৫

## ৭. কবি নজরুল সরকারি কলেজ (১৯৬২)

লক্ষ্মীবাজার, ঢাকা-১১০০

| বিষয় | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|
| ব্যবস্থাপনা | ৫৯ | ৫ | ৬৪ |
| হিসাববিজ্ঞান | ৫৯ | ৫ | ৬৪ |
| মার্কেটিং | ৫৯ | ৫ | ৬৪ |
| ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ৫৯ | ৫ | ৬৪ |
| বাংলা | ৩ | ০ | ৩ |
| ইংরেজি | ৩ | ০ | ৩ |
| ইতিহাস | ৩ | ০ | ৩ |
| দর্শন | ৩ | ০ | ৩ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৩ | ০ | ৩ |
| ইসলামিক স্টাডিজ | ৩ | ০ | ৩ |
| অর্থনীতি | ৩ | ০ | ৩ |
| রাষ্ট্রবিজ্ঞান | ৩ | ০ | ৩ |
| আরবি | ৩ | ০ | ৩ |
| ভূগোল ও পরিবেশ | ৩ | ০ | ৩ |

মোট আসন -- ২৮৬

বি: দ্র: **কোটায় আসন পূরণ না হলে মেধা তালিকা থেকে আসন পূরণ করা হবে।**
**একইভাবে কোনো বিভাগে আসন পূরণ না হলে অন্য ইউনিট থেকে সেই বিভাগের আসন পূরণ করা যাবে।**

১৭। **কোটায় ভর্তিচ্ছুদের জ্ঞাতব্য ও করণীয়ঃ**

ভর্তি-পরীক্ষায় কৃতকার্য হলে, বিভাগ পছন্দ ক্রম ফর্ম পূরণের সময় শিক্ষার্থী অনলাইনে যে কোটার ঘর পূরণ করেছে তাকে সে কোটার যোগ্যতার প্রমাণপত্র, ভর্তি-পরীক্ষার প্রবেশপত্র এবং পূরণকৃত চয়েজ ফরম-এর প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজের ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। সকল কোটায় ভর্তির ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর ৪০ ।

মুক্তিযোদ্ধার সন্তান, উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজাঅর্ডারড), হরিজন ও দলিত সম্প্রদায় কোটাভুক্ত শিক্ষার্থীদের আসন বরাদ্দের ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়ম অনুসরণ করা হবেঃ

i) মুক্তিযোদ্ধার সন্তান ৫% আসন
ii) উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের জন্য ১% আসন
iii) হরিজন ও দলিত সম্প্রদায় শিক্ষার্থীদের জন্য ১% আসন
iv) প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ১% আসন

উপর্যুক্ত কোটার আসন সংখ্যা নির্ধারিত মোট আসন সংখ্যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে।

* হিজড়া (তৃতীয় লিঙ্গ) সম্প্রদায় ভর্তির ক্ষেত্রে বিশেষ বিবেচনা প্রাপ্য হবেন। কেবলমাত্র জন্মগতভাবে লিঙ্গ বৈচিত্রের অধিকারী শিক্ষার্থীরা হিজড়া কোটায় ভর্তির আবেদন করতে পারবে। হিজড়া কোটা শনাক্তকরণে সরকারের সমাজসেবা অধিদপ্তর প্রদত্ত হিজড়া (গেজেট নং সকম/কর্ম-১শা/হিজড়া-১৫-২০১৩-৪০) পরিচয়পত্র অবশ্যই দাখিল করতে হবে।

মুক্তিযোদ্ধার সন্তান এবং উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজাঅর্ডারড), খেলোয়াড় (শুধু বিকেএসপি থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী), সংযুক্ত ৭(সাত) কলেজের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পোষ্য (Ward) কোটায় (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী) ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের স্ব স্ব কোটার স্বপক্ষে প্রমাণক ও ভর্তি পরীক্ষার প্রবেশসহ ভর্তি কমিটির নিকট যোগাযোগ করতে হবে।

* পোষ্য (Ward) ও খেলোয়াড় কোটায় ভর্তিকৃত আসন সংখ্যা নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত হিসেবে গণ্য হবে।

কোটার ক্ষেত্রে নিম্নবর্ণিত সনদপত্রসহ আবেদন করতে হবে। (সাক্ষাৎকারের সময় মূল সনদ প্রদর্শন করতে হবে)

* মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) থেকে প্রকাশিত মুক্তিযোদ্ধার প্রমাণস্বরূপ (বর্ণিত প্রমাণক/গেজেট) তালিকার প্রিন্ট কপি জমা দিতে হবে।
* উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রধান/জেলা প্রশাসকের সনদপত্রের সত্যায়িত কপি।
* হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধান ও জেলা প্রশাসকের সনদপত্রের সত্যায়িত কপি।
* প্রতিবন্ধী কোটায় (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) ভর্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রমাণক জমা দিতে হবেঃ

  ১. জেলা সমাজসেবা কর্তৃক ইস্যুকৃত কার্ডের সত্যায়িত কপি
  ২. জেলা সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ
  ৩. জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি

* খেলোয়াড় কোটার ক্ষেত্রে বিকেএসপি কর্তৃক প্রদত্ত নম্বরপত্র, প্রত্যয়নপত্র/সনদ/প্রমাণপত্র জমা দিতে হবে।
* পোষ্য (Ward) কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। ওয়ার্ড কোটায় এক কলেজে এক বিষয়ে ২ জনের বেশি ভর্তি হতে পারবে না।

**অনলাইনে বিভাগ পছন্দ ক্রম ফর্ম পূরণের সময় কোটার নির্দিষ্ট ঘরে ক্লিক না করলে পরবর্তীকালে কোনো অবস্থাতেই কোটার জন্য বিবেচিত হবে না।**

১৮। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেওয়ার সর্বশেষ তারিখ ০৬ আগস্ট ২০২৬, ভর্তির শেষ তারিখ ২৭ আগস্ট ২০২৬ এবং ক্লাস শুরুর তারিখ ০৬ সেপ্টেম্বর ২০২৬। উত্তীর্ণদের মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেওয়ার পর নিশ্চায়ন ফি সোনালী বিল পেমেন্ট সিস্টেম এর মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইনে জমা দিতে হবে।

১৯। **ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

**বিশেষ দ্রষ্টব্যঃ**

ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিতদের ভর্তি ফি ব্যাংকে জমা দেওয়ার পর ভর্তি ফরম পূরণ করে পে-স্লিপসহ নিম্নবর্ণিত কাগজপত্র সংশ্লিষ্ট কলেজ অফিসে জমা দিতে হবেঃ

(১) মূল নম্বরপত্র ও নম্বরপত্রের সত্যায়িত কপি
(২) প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র
(৩) এইচ এস সি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি
(৪) এস এস সি রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং ৫ কপি পাসপোর্ট সাইজ ছবি

* অনলাইনে বিভাগ পছন্দ ক্রম ফর্ম পূরণের সময় কোটা সংক্রান্ত যাবতীয় তথ্য দিতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোনো নতুন কিছু অন্তর্ভুক্ত করলে তা গ্রহণ করা হবে না।

রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক)
ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি, ঢাকা